বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৩.২৩-২১২১ তারিখ: ২১ জুন ২০২৩ খ্রি.

**জুলাই-ডিসেম্বর ২০২৩ সেশনে জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদী) প্রশিক্ষণ শিক্ষাক্রমে**

**ভর্তি বিজ্ঞপ্তি।**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে অনুমতিপ্রাপ্ত বেসিক ট্রেড শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানে জুলাই-সেপ্টেম্বর ও জুলাই-ডিসেম্বর ২০২৩ সেশনে শিক্ষার্থী ভর্তির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে ভর্তি সংক্রান্ত কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

১. ভর্তি কার্যক্রমের সময়সূচি:
ক) সেশন ৩৬০ ঘন্টা (৬ মাস মেয়াদী)
জুলাই-ডিসেম্বর সেশন (ক্লাস আরম্ভ- জুলাই মাসের প্রথম রবিবার)
খ) সেশন ৩৬০ ঘন্টা (৩ মাস মেয়াদী)
জুলাই-সেপ্টেম্বর সেশন (ক্লাস আরম্ভ- জুলাই মাসের প্রথম রবিবার)

২. **ভর্তি সংক্রান্ত তথ্যাবলী:**
ক) প্রতি ট্রেডে আসন সংখ্যা ৫০ (পঞ্চাশ) জন। এর মধ্যে মূল আসন ৪০ (চল্লিশ) জন এবং ড্রপআউট ১০ (দশ) জন।
খ) কোন অনুমোদিত বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি/জেএসসি/জেডিসি পরীক্ষায় পাশকৃত ছাত্র-ছাত্রীরা জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রমে ভর্তি হওয়ার যোগ্যতা অর্জন করবে। তবে বিশেষ ক্ষেত্রে কোর্সের চাহিদার ভিত্তিতে এসএসসি বা সমমান বা তদুর্ধ্ব পাশ ছাত্র/ছাত্রীরা ভর্তির যোগ্য হবে।
গ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অফিসে যোগাযোগ করে ভর্তি বিষয়ে বিস্তারিত তথ্য জানা যাবে।
ঘ) ভর্তি সংক্রান্ত তথ্য ও চলমান ট্রেডের নাম বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠানের নামের তালিকা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটে দেখা যাবে। (www.bteb.gov.bd)
ঙ) ক্লাস রুটিন (বোর্ড প্রেরিত নমুনা রুটিন অনুযায়ী) ভর্তির ৭ দিনের মধ্যে বোর্ডে প্রেরণ করতে হবে এবং ৩ মাসের কোর্স ও ৬ মাসের কোর্সের পৃথক ক্লাস রুটিন থাকতে হবে।
চ) ক্লাস রুটিনে শিক্ষকদের নাম, মোবাইল নম্বর, কক্ষ/ল্যাব এবং শিক্ষার্থীর সেকশন উল্লেখ করতে হবে।

৩. **নিবন্ধন:**
ক) জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমে ৩ মাস মেয়াদি কোর্সে ক্লাস শুরুর ৩০ দিনের মধ্যে এবং ৬ মাস মেয়াদি কোর্সে ক্লাস শুরুর ৬০ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে এবং বিশেষ পরিস্থিতি ব্যতিরেকে রেজিস্ট্রেশনের সময় বৃদ্ধি করা হবেনা।
খ) শিক্ষার্থীর নিবন্ধনের মেয়াদ সেশন অনুযায়ী একটি চূড়ান্ত পরীক্ষা পর্যন্ত বলবৎ থাকবে। কোন শিক্ষার্থী পরীক্ষায় অকৃতকার্য হলে এবং পুনরায় ভর্তি হতে চাইলে তাকে পুনরায় নিবন্ধন করতে হবে।

২১.৬.২৩
**(প্রকৌশলী মো. রকিব উল্লাহ)**
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৩
ইমেইল: bteb.director@gmail.com

পরিচালক/অধ্যক্ষ
জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি)
শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহ:

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৩.২৩-২১২১(১৩) তারিখ: ২১ জুন ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব, (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। উপসচিব, (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫-৭। পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
৯। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩। সংরক্ষণ নথি।

২১-০৬-২০২৩
**(মুহ. আবদুর রাজ্জাক মিঞা)**
কারিকুলাম বিশেষজ্ঞ (শর্ট কোর্স)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ইমেইল: shortcourse128.bteb@gmail.com
মোবাইল: ০১৭১১-৯৩৩৫৪৩

ক্লাস রুটিন (০৬ মাস মেয়াদি)

| দিবস | তত্তীয় (ট্রেড) ক্লাস | ব্যাবহারিক ক্লাস | কমিউনিকেটিভ ইংলিশ | মোট ক্লাস (ঘন্টা) |
|---|---|---|---|---|
| দিবস-১ | ১ | ২ | ০ | ৩ |
| দিবস-২ | ০ | ২ | ১ | ৩ |
| দিবস-৩ | ১ | ২ | ০ | ৩ |
| দিবস-৪ | ০ | ২ | ১ | ৩ |
| দিবস-৫ | ১ | ২ | ০ | ৩ |
| মোট | ৩ | ১০ | ২ | ১৫ |

ক্লাস রুটিন (০৩ মাস মেয়াদি)

| দিবস | তত্তীয় (ট্রেড) ক্লাস | ব্যাবহারিক ক্লাস | কমিউনিকেটিভ ইংলিশ | মোট ক্লাস (ঘন্টা) |
|---|---|---|---|---|
| দিবস-১ | ২ | ৩ | ১ | ৬ |
| দিবস-২ | ১ | ৪ | ১ | ৬ |
| দিবস-৩ | ১ | ৪ | ১ | ৬ |
| দিবস-৪ | ১ | ৩ | ২ | ৬ |
| দিবস-৫ | ১ | ৪ | ১ | ৬ |
| মোট | ৬ | ১৮ | ৬ | ৩০ |

**বিশেষ দ্রষ্টব্য:**

১. প্রতি সেশনে সপ্তাহে ৫ (পাঁচ) দিন ক্লাস অনুষ্ঠিত হবে এবং প্রতিদিন ৬ ঘন্টা করে প্রতি সপ্তাহে ন্যূনতম ৩০ ঘন্টা ক্লাস অনুষ্ঠিত হবে (০৩ মাসের জন্য)

২. প্রতি সেশনে সপ্তাহে ৫ (পাঁচ) দিন ক্লাস অনুষ্ঠিত হবে এবং প্রতিদিন ৩ ঘন্টা করে প্রতি সপ্তাহে ন্যূনতম ১৫ ঘন্টা ক্লাস অনুষ্ঠিত হবে (০৬ মাসের জন্য)

৩ জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রমে পরীক্ষার সময় পরীক্ষার কেন্দ্র/ভেন্যুতে (যে প্রতিষ্ঠানে পরীক্ষা অনুষ্ঠিত হয়) পরীক্ষার দিন ব্যতীত অন্যান্য দিন (প্রয়োজনে সাপ্তাহিক ছুটির দিনসহ; তবে জাতীয় দিবসসমূহ ব্যতিত) যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।

৪. প্রত্যেক প্রতিষ্ঠানে মডেল সেশন পাঠ পরিকল্পনা অনুযায়ী পৃথক ক্লাস রুটিন তৈরী করে ক্লাস পরিচালনা করতে হবে এবং ক্লাস শুরুর ৭ দিনের মধ্যে তা বোর্ডে প্রেরণ করতে হবে।

৫. প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য সুপেয় পানি, স্বাস্থ্যবিধি এবং পরিস্কার পরিচ্ছন্ন টয়লেট (ছাত্রীদের জন্য পৃথক টয়লেট) এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬. ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাসশুরুর ৪৫ দিনের মধ্যে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে হবে।